Guard file-2

| জেলা পরিষদ, ফেনী। | |
|---|---|
| তাং ... | প্রাপ্তি নং ২৪৩৩ |
| প্রনিক | সচিব |
| সহঃ প্রকৌঃ | |
| উঃ সহঃ (সাঃ) | উপ সহঃ প্রকৌঃ |
| উঃ সহঃ (কাঃ) | হিসাব রক্ষক |
| সহঃ (বাণিজ্যিক ইউবা) | সার্ভেয়ার |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং - জেপশা/বাজেট-৩/২০০৯/ ২১৬৬২ তারিখঃ ২৬/০৯/২০১০খ্রিস্টাব্দ।

বিষয় ঃ জেলা পরিষদসমূহ কর্তৃক এডিপি ও রাজস্ব তহবিলের অর্থে প্রকল্প বাস্তবায়ন এবং ওয়েবসাইটে তথ্য সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৮/৮/২০১০ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদসমূহের রাজস্ব বাজেট অনুমোদন ও বার্ষিক পর্যালোচনা সভা, ২০১০ এ জেলা পরিষদসমূহ কর্তৃক এডিপি ও রাজস্ব তহবিলের অর্থে প্রকল্প বাস্তবায়ন এবং ওয়েবসাইটে তথ্য সংরক্ষণে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

১) রাজস্ব তহবিলের অর্থের সংস্থান সুনিশ্চিত না করে রাজস্ব তহবিলের প্রকল্প গ্রহণ ও অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা যাবেনা।

২) এডিপি বরাদ্দের আওতায় বিচ্ছিন্নভাবে প্রকল্প অনুমোদনের প্রস্তাব প্রেরণ না করে ১ম কিস্তির অর্থ বরাদ্দ পাওয়ার পর সমপরিমাণ ৪ কিস্তির প্রকল্প তৈরী করে অনুমোদনের জন্য একইসাথে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩) প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের জন্য ইউনিয়ন পরিষদ/ পৌরসভা কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করতে হবে।

৪) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, কর্মরত ও শূন্য পদের তথ্য, দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত কর্মচারী, জেলা পরিষদ কর্তৃক নির্মিত ডাকবাংলো, অডিটরিয়াম, ইউপি কমপ্লেক্স, মার্কেট নির্মাণ সম্পর্কিত তথ্য, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজের অগ্রগতি ইত্যাদি তথ্য ওয়েবসাইটে থাকতে হবে।

০২। এমতাবস্থায়, পরিষদসমূহ কর্তৃক এডিপি ও রাজস্ব তহবিলের অর্থে প্রকল্প বাস্তবায়ন এবং ওয়েবসাইটে তথ্য সংরক্ষণের ক্ষেত্রে বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৬/৯/১০
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রাপক
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ---------------(সকল)।

Com-1/D:\2010-2011\Budget meeting 10\Letter doc-27